

৩২২/১৮-২৪/১০/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়
৯/ডি মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

নং সঅ/সমন্বয়/পিএস-১৪/৯৮-৮৭, তারিখ : ১৪ অক্টোবর ১৯৯৮

বিষয় : ফ্লাট মালিক সমবায় সমিতির সাধারণ সদস্য এবং ম্যানেজিং কমিটির সদস্য হ'য়ার যোগ্যতা সম্পর্কে
সমবায় নিয়মাবলী ১৯৮৭ এর বিধি-১০ এবং বিধি-১৭ এর কতিপয় সীমাবদ্ধতা দূরীকরণ প্রসঙ্গে জ্ঞাতব্য।

ইহা লক্ষ্যনীয় যে, বর্তমানে আবাসিক জমি এবং নির্মাণ সামগ্রীর মূল্য অত্যধিক বেশি হ'য়ার কারণে এককভাবে অনেকের পক্ষেই একটি বাড়ি বা ভবন নির্মাণ করা সম্ভব নয়। তাই দেশের সর্বত্রই ক্রমবর্ধমান আবাসিক চাহিদা মেটানোর জন্য যৌথ মালিকানার ভিত্তিতে বহুতল বিশিষ্ট ফ্লাট বাড়ি নির্মিত হচ্ছে। ইহা একদিকে যেমন মানুষের আবাসিক সমস্যা সমাধানের প্রত্যক্ষ বা পরোক্ষ প্রচেষ্টা, অন্যদিকে সাধারণ স্বল্পবিত্ত বা মধ্যবিত্ত মালিকদেরকে সমবায় চেতনায় উদ্বুদ্ধ করা।

২। এ উদ্যোগ যুগের চাহিদা অনুযায়ী একটি সুশীল সমাজের অবকাঠামো প্রতিষ্ঠার জন্য অবশ্যই প্রশংসার দাবি রাখে। কিন্তু বিধিগত সীমাবদ্ধতা এ ক্ষেত্রে কিছুটা অন্তরায় হ'য়ার ফ্লাট মালিক সমবায় সমিতি গঠনের জন্য যুগোপযোগী বিধি বা উপবিধি প্রণয়ন বা সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আলোচ্য বিধি-১০ মতে, কৃষি বা কৃষক সমবায় সমিতি গঠনের ক্ষেত্রে সদস্য পদের অন্যান্য যোগ্যতার পাশাপাশি ৪০ ডেসিমেলের বেশি আবাদযোগ্য জমি অধিকারে থাকা প্রয়োজন হয়। তদরূপ, ফ্লাট মালিক সমবায় সমিতি গঠনের জন্য সদস্য পদের যোগ্যতা স্বরূপ ফ্লাটের মালিকানা বা স্বত্বাধিকার সম্পর্কে বিধিগত স্বীকৃতি থাকা আবশ্যিক। নতুবা এ জাতীয় সমবায় সমিতি গঠন ও তার উদ্দেশ্য বাস্তবায়ন সম্ভব নয়।

৩। ফ্লাট মালিক বা হাউজিং সমবায় সমিতির কর্মকাণ্ড অন্যান্য সমবায় সমিতি থেকে সম্পূর্ণ ভিন্ন। কেননা নির্মাণ কাজ সাধারণত স্থায়ী, একবার সম্পূর্ণ হ'য়ার পর ম্যানেজিং কমিটির কোন সদস্যকে সমিতির কর্ম এলাকায় স্থায়ীভাবে অবস্থান করার প্রয়োজন হয় না, যেমন প্রয়োজন হয় কৃষি, মৎস্যজীবী, দুগ্ধ উৎপাদনকারী বা অন্যান্য নিবিড় পরিদর্শন-সংশ্লিষ্ট সমবায় সমিতির ক্ষেত্রে। তা ছাড়া সমবায় অঙ্গনে ফ্লাট মালিক সমবায় সমিতির ধারণা খুবই সাম্প্রতিক বিধায় সমবায় আইনের যে কোন সীমাবদ্ধতা কাটিয়ে তাকে বাস্তবমুখী করা প্রয়োজন। এর অর্থই হবে সমবায় আন্দোলনকে অধিকতর গণমুখী করার জন্য সমবায় সেটরে একটি নতুন মাত্রা যুক্ত করা।

৪। এ ক্ষেত্রে উক্ত বাস্তবতার নিরিখে বিষয়টির উপর যে কোন বিতর্ক অবসানের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হ'ল-

- ক. বিধি মোতাবেক অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে শুধুমাত্র ফ্লাটের মালিক বা স্বত্বাধিকারগণই উক্ত সমিতির সদস্য হ'য়ার যোগ্যতা অর্জন করবে, এবং
- খ. ম্যানেজিং কমিটির সদস্য হ'য়ার যোগ্যতা হিসেবে বিধি-১৭ অনুযায়ী অন্যান্য যোগ্যতার সাথে সমিতির কার্য এলাকার মধ্যে স্থায়ী বাসিন্দা হ'য়ার বিধান সরকারের অনুমোদন সাপেক্ষে শিথিলযোগ্য হবে।

৫। প্রদত্ত সিদ্ধান্তের আলোকে আইনগত সংশোধনী আনয়নে সত্বর ব্যবস্থা গ্রহণের জন্য অত্র অধিদপ্তরের অডিট ও আইন শাখাকে নির্দেশ দেয়া হ'ল।

(স্বাক্ষর)
১৪/১০/১৮

(এস এম শামসুল আলম)
নিবন্ধক

বিতরণ :

সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা।

প্রতি.

জেলা সমবায় অফিসার

প্রাঃ ও জেলা

(স্বাক্ষর)

(স্বাক্ষর)

২২/১০/১৮

(স্বাক্ষর)